### বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)

#### আঞ্চলিক কার্যালয় কুমিল্লা

# ধানের শিষ ব্লাস্ট রোগ দমনে জরুরী সতর্ক বার্তা

১৮-২০ মার্চ ২০২৩ তারিখ কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুরসহ দেশের অধিকাংশ এলাকায় বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে যা ধানের শিষ ব্লাস্ট রোগ হওয়ার জন্য খুবই উপযোগী। বর্তমানে অধিকাংশ ধান থোড় হতে ফুল ফোঁটা পর্যায়ে রয়েছে। তাই শুধুমাত্র ব্রি ধান৭৪ ছাড়া বাকি সকল ধানের জাত বিশেষ করে ব্রি ধান২৮ ও এর সমসাময়িক জাতসমূহের জমিতে নিচের নির্দেশনা অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

- ১। জমিতে পানি ধরে রাখুন
- ২। ট্রাইসাইক্লাজল গ্রুপের ছত্রাকনাশক যেমন: ট্রুপার প্রতি ১৬ লিটার পানিতে ১৩ গ্রাম ঔষধ ভালভাবে মিশিয়ে ৮ শতাংশ জমিতে মোট ২ বার বিকাল বেলা স্প্রে করুন।

১মবারঃ ধানের থোড় ফেটে শিষ বের হওয়ার সময়

২য় বারঃ ১ম স্প্রে করার ৭-১০ দিন পর অর্থাৎ পুরোপুরি থোড় হতে শিষ বের হওয়ার পর অথবা এজোক্সিস্ট্রবিন গ্রুপের ছত্রাকনাশক যেমন: নাটিভো অথবা অনুমোদিত ছত্রাকনাশক (১০ গ্রাম ঔষধ ১৬ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে ৮ শতক জমিতে) একইভাবে বিকাল বেলা দুই বার স্প্রে করতে হবে।

খেয়াল রাখতে হবে যেন স্প্রে করার পরপরই বৃষ্টিতে ঔষধ ধুয়ে না যায়। আর শিষ ব্লাস্ট একবার হয়ে গেলে আর দমন করা যায় না। তবে পাতা ব্লাস্ট হয়ে গেলে ট্রাইসাইক্লাজল গ্রুপের ছত্রাকনাশক ৭-১০ দিন অন্তর অতিরিক্ত ২ বার স্প্রে করতে হবে।

সহযোগিতায়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। প্রচারেঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা। ০১৭১২-৮৮৭৫০৭



## বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)

# আঞ্চলিক কার্যালয় কুমিল্লা

# ধানের শিষ ব্লাস্ট রোগ দমনে জরুরী সতর্ক বার্তা

১৮-২০ মার্চ ২০২৩ তারিখ কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুরসহ দেশের অধিকাংশ এলাকায় বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে যা ধানের শিষ ব্লাস্ট রোগ হওয়ার জন্য খুবই উপযোগী। বর্তমানে অধিকাংশ ধান থোড় হতে ফুল ফোঁটা পর্যায়ে রয়েছে। তাই শুধুমাত্র ব্রি ধান৭৪ ছাড়া বাকি সকল ধানের জাত বিশেষ করে ব্রি ধান২৮ ও এর সমসাময়িক জাতসমূহের জমিতে নিচের নির্দেশনা অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

- ১। জমিতে পানি ধরে রাখুন
- ২। ট্রাইসাইক্লাজল গ্রুপের ছত্রাকনাশক যেমন: ট্রুপার প্রতি ১৬ লিটার পানিতে ১৩ গ্রাম ঔষধ ভালভাবে মিশিয়ে ৮ শতাংশ জমিতে মোট ২ বার বিকাল বেলা স্প্রে করুন।

১মবারঃ ধানের থোড় ফেটে শিষ বের হওয়ার সময়

২য় বারঃ ১ম স্প্রে করার ৭-১০ দিন পর অর্থাৎ পুরোপুরি থোড় হতে শিষ বের হওয়ার পর অথবা এজোক্সিস্ট্রবিন গ্রুপের ছত্রাকনাশক যেমন: নাটিভো অথবা অনুমোদিত ছত্রাকনাশক (১০ গ্রাম ঔষধ ১৬ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে ৮ শতক জমিতে) একইভাবে বিকাল বেলা দুই বার স্প্রে করতে হবে।

খেয়াল রাখতে হবে যেন স্প্রে করার পরপরই বৃষ্টিতে ঔষধ ধুয়ে না যায়। আর শিষ ব্লাস্ট একবার হয়ে গেলে আর দমন করা যায় না। তবে পাতা ব্লাস্ট হয়ে গেলে ট্রাইসাইক্লাজল গ্রুপের ছত্রাকনাশক ৭-১০ দিন অন্তর অতিরিক্ত ২ বার স্প্রে করতে হবে।

সহযোগিতায়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। প্রচারেঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা। ০১৭১২-৮৮৭৫০৭